# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঘুম থেকে জাগ্রত হওয়ার পর যা পাঠ করার পর সালাত আদায় করলে সেই সালাত কবূল করা হয় তার বিবরণ

ذِكْرُ الشَّيْءِ الَّذِي إِذَا قَالَهُ الْمَرْءُ عِنْدَ الِانْتِبَاهِ مِنْ رَقْدَتِهِ قُبِلَتْ صَلَاةُ لَيْلِهِ إِذَا أعقبه بها

---

আরবী

2587 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي عُمَيْرُ بْنُ هَانِئٍ قَالَ: حَدَّثَنِي جُنَادَةُ بْنُ أَبِي أُمَيَّةَ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ تَعَارَّ مِنَ اللَّيْلِ فَقَالَ حِينَ يَسْتَيْقِظُ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ رَبِّ اغْفِرْ لِي): غُفِرَ لَهُ وَإِنْ قَامَ فَتَوَضَّأَ وَصَلَّى قُبِلت صَلَاتُهُ.

قَالَ الْوَلِيدُ: قَالَ: غُفِرَ لَهُ أَوِ استجيب له ..

الراوي : عُبَادَة بْن الصَّامِتِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2587 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح الترغيب)) (608)، ((تخريج الكلم)) (42): خ.

বাংলা

২৫৮৭. উবাদাহ বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি ঘুম থেকে জাগ্রত হয় অতঃপর বলে, لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ رَبِّ اغْفِرْ لِي ( আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই সকল রাজত্ব, তাঁর জন্যই সকল প্রশংসা এবং তিনি সর্ব বিষয়ের উপর ক্ষমতাবান। আমি আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, আল্লাহ সবচেয়ে বড়। মন্দ থেকে বাঁচার কোন উপায় নেই

আল্লাহ ছাড়া এবং সৎ কাজ করার কোন শক্তি নেই তিনি ছাড়া। হে আমার প্রভু, আপনি আমাকে ক্ষমা করে দিন।) তাহলে তাকে ক্ষমা করে দেওয়া হয়। আর যদি সে উঠে ওযূ করে সালাত আদায় করে, তবে তার সালাত কবূল করা হয়।”

রাবী ওয়ালিদ রহিমাহুল্লাহ বলেন, “তাকে ক্ষমা করে দেওয়া হয় অথবা তার দু‘আ কবূল করা হয়।”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৫০৬০; ইবনু মাজাহ: ৩৮৭৮; ইবনুস সুন্নী: ৭৪৯; সুনান বাইহাকী: ৩/৫; বাগাবী: ৯৫৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুত তারগীব: ৬০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91917

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন